



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নব-নির্মিত কেন্দ্রীয় মসজিদের কার্যক্রম উদ্বোধন এবং ২১ আগস্ট স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ আগস্ট ২০২০।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নব-নির্মিত কেন্দ্রীয় মসজিদের কার্যক্রম আসর নামাজ আদায়ের মাধ্যমে উদ্বোধন হয়েছে। মসজিদ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এ সময় অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, শিক্ষক, শিক্ষার্থী, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, পরিচালক, দপ্তরপ্রধান, কর্মকর্তা, কর্মচারি, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমিতির নেতৃবৃন্দ, স্থানীয় মুসুল্লীসহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা এবং মসজিদ নির্মানকারি প্রতিষ্ঠানের ঠিকাদার উপস্থিত ছিলেন। নবনির্মিত মসজিদে নামাজ আদায়ের পর উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে শ্রদ্ধাবনত চিন্তে স্মরণ করে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় জাতির পিতার স্বপ্নের একটি বিশ্ববিদ্যালয়, জাতির পিতার এ স্বপ্নকে বাস্তবে রূপ দিয়েছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ৭৫'র ১৫ আগস্ট শাহাদাৎ বরণকারী তাঁর পরিবারের অন্যান্য সদস্যবৃন্দ এবং ২০০৪ সালের ২১ আগস্টের গ্রেনেড হামলায় নিহত সকলের রুহের মাগফিরাত কামনা করেন। তিনি ২১ আগস্টের গ্রেনেড হামলাকারীদের বিচারের আওতায় এনে শান্তি নিশ্চিতকরণ এবং এর সাথে সংশ্লিষ্ট ষড়যন্ত্রকারীদের মুখোশ উন্মোচনেরও দাবি জানান। উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন। আধুনিক স্থাপত্য শৈলীর দৃষ্টিনন্দন কার্যকর্য খচিত তিনতলা বিশিষ্ট এ মসজিদটিতে একসাথে ২৫০০ জন মুসুল্লি জামাতে নামাজ আদায় করতে পারবেন। মসজিদটি নির্মানে ব্যয় হয়েছে প্রায় সাত কোটি টাকা হয়েছে। কেন্দ্রীয় এ মসজিদটির নির্মান কাজ শুরু হয়েছিল ২০১৮ সালের জানুয়ারি মাসে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস